



Ambassador

Embassy of the People's Republic  
of Bangladesh  
Athens

২৭ ভাদ্র ১৪২৩  
১১ সেপ্টেম্বর ২০১৬

## পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে মান্যবর রাষ্ট্রদূতের শুভেচ্ছা বাণী

আনন্দের শুভবার্তা নিয়ে আমাদের মাঝে এসেছে পবিত্র ঈদ-উল-আযহা। অনাবিল আনন্দের এই পবিত্র ঈদ বন্ধুরাষ্ট্র গ্রীসের নাগরিকগণ এবং প্রবাসী বাংলাদেশীসহ সবার জীবনে বয়ে আনুক কল্যাণ ও প্রশান্তি। ঈদ-উল-আযহার মহিমায় উদ্ভাসিত হয়ে উঠুক প্রবাসী বাংলাদেশীদের জীবন। মানুষে মানুষে প্রীতির বন্ধনে গড়ে উঠুক ঐক্য। আসুন, এই আনন্দের দিনে আমরা সকলে বিশ্বের বুকে বাংলাদেশকে একটি সমৃদ্ধ, সমুন্নত এবং মর্যাদাপূর্ণ রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে শপথ গ্রহণ করি এবং মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১ এর মাধ্যমে বাংলাদেশের উন্নয়নে সক্রিয়ভাবে সম্পৃক্ত হই।

উৎসাহ, উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে ঈদ উদ্‌যাপনের প্রত্যাশায় বাংলাদেশ দূতাবাস, এথেন্সের পক্ষ থেকে আমি শুভানুধ্যায়ী গ্রীক নাগরিকবৃন্দ এবং এদেশে প্রবাসী বাংলাদেশী ভাই-বোনদের জানাই ঈদের আন্তরিক ও প্রাণঢালা শুভেচ্ছা।

ঈদ মোবারক

মোঃ জসীম উদ্দিন

রাষ্ট্রদূত

বাংলাদেশ দূতাবাস, এথেন্স

Marathonodromon Street 119, Palatio Psychiko, Athens 15 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (PABX) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd